গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
হালুয়াঘাট, ময়মনসিংহ

স্মারক নম্বর-০৫.৪৫.৬১২৪.০০০.৪৮.০০৬.২৫-৩১২ তারিখঃ ২০/০৩/২০২৫ ইং

## ১৪৩২ বাংলা সনে হাট-বাজার/বাসটার্মিনাল ও ফেরিঘাট ইজারা দরপত্রের বিজ্ঞপ্তি (পুনঃবিজ্ঞপ্তি-৪র্থ পর্যায়)

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, হালুয়াঘাট উপজেলাধীন নিম্নবর্ণিত হাট-বাজার/বাসটার্মিনাল ও ফেরিঘাটসমূহ বাংলা ১৪৩২ সনের ১লা বৈশাখ হতে ৩০ চৈত্র পর্যন্ত ১ (এক) বছর মেয়াদের জন্য সম্পূর্ণ অস্থায়ীভিত্তিতে প্রচলিত শর্তসাপেক্ষে ইজারা প্রদানের লক্ষে ইজারা বন্দোবস্ত গ্রহণ করতে ইচ্ছুক সকল ইজারাদার/ঠিকাদার/ব্যক্তি/ব্যবসায়ী প্রতিষ্ঠানের নিকট নির্ধারিত ফরমে সীলমোহরকৃত খামে দরপত্র আহ্বান করা যাচ্ছে।

**সিডিউল প্রাপ্তির স্থান :** (ক) জেলা প্রশাসকের কার্যালয় (স্থানীয় সরকার শাখা), ময়মনসিংহ। (খ) উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, হালুয়াঘাট, ময়মনসিংহ। (গ) উপজেলা ভূমি অফিস, হালুয়াঘাট, ময়মনসিংহ। (ঘ) হালুয়াঘাট থানা, হালুয়াঘাট, ময়মনসিংহ। (ঙ) সোনালি ব্যাংক পিএলসি., হালুয়াঘাট শাখা, হালুয়াঘাট, ময়মনসিংহ হতে প্রত্যেক কার্যদিবসে অফিস চলাকালিন তালিকায় বর্ণিত নির্ধারিত মূল্যে (অফেরৎযোগ্য) নিম্নেবর্ণিত তারিখে দরপত্রের আবেদন ফরম দাখিলের পূর্ব কার্যদিবস পর্যন্ত ক্রয় করা যাবে।

**দরপত্র দাখিলের স্থান :** ক) জেলা প্রশাসকের কার্যালয় (স্থানীয় সরকার শাখা), ময়মনসিংহ। (খ) উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, হালুয়াঘাট, ময়মনসিংহ। (গ) উপজেলা ভূমি অফিস, হালুয়াঘাট, ময়মনসিংহ।

**দরপত্র সিডিউল বিক্রয়, দরপত্র দাখিল ও দরপত্র খোলার সময়সূচি :**

| পর্যায় | সিডিউল বিক্রিয়ের শেষ তারিখ | দরপত্র গ্রহণের শেষ সময় ও তারিখ | দরপত্র খোলার তারিখ ও সময় | মন্তব্য |
|---|---|---|---|---|
| ৪র্থ | ২৫/০৩/২০২৫ মঙ্গলবার<br>১১ চৈত্র, ১৪৩১ বাংলা | ২৭/০৩/২০২৫ বৃহস্পতিবার<br>১৩ চৈত্র, ১৪৩১ বাংলা<br>সকাল ১০.০০ ঘটিকা হতে বেলা ২.০০ ঘটিকা পর্যন্ত | ২৭/০৩/২০২৫ বৃহস্পতিবার<br>১৩ চৈত্র, ১৪৩১ বাংলা<br>বেলা ৩.০০ ঘটিকা | - |

১. দরপত্র খোলার নির্ধারিত তারিখ ও সময়ে দরপত্র দাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র বাক্স খোলা হবে।
২. জেলা প্রশাসকের কার্যালয়, ময়মনসিংহ -এ কোন দরপত্র জমা পড়লে ই-মেইল/টেলিফোন বার্তায় নিশ্চিত হয়ে নির্ধারিত সময়ে দরপত্র খোলা কার্যক্রম গ্রহণ এবং উক্ত কার্যালয় হতে হাতে হাতে দরপত্র অত্র কার্যালয়ে পৌঁছার পর একত্রে দরপত্র বাক্স খোলা হবে।

### হাট-বাজার সমূহের বিবরণ

| ক্রঃ নং | হাট-বাজারের নাম | ইউনিয়নের নাম | ১৪৩২ সনের সরকারি সম্ভাব্য মূল্য | দরপত্রের মূল্য | ক্রঃ নং | হাট-বাজারের নাম | ইউনিয়নের নাম | ১৪৩২ সনের সরকারি সম্ভাব্য মূল্য | দরপত্রের মূল্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | মাজরাকুড়া বাজার (জয়বাংলা) গরু ছাগলের হাটসহ | ভূবনকুড়া ইউপি | ৫৪৩১৭৯ | ১৮০০ | ১৪ | ডোবারপাড় বাজার | ধুরাইল ইউপি | ১৮১১ | ৫০০ |
| ২ | লক্ষীকুড়া | " | ৫৩৫৮৩০ | ১৮০০ | ১৫ | পাবিয়াজুরি বাজার | ধুরাইল ইউপি | ৬৮১৯ | ৫০০ |
| ৩ | ছাতুগাঁও বাজার | জুগলী ইউপি | ২৬৫০০ | ৫০০ | ১৬ | নাগলা বাজার | আমতৈল ইউপি | ৪০৮১০০ | ১৬০০ |
| ৪ | সংড়া বাজার | " | ১০৪২৩৩ | ১০০০ | ১৭ | বাহিরশিমুল বাজার (গরু ছাগলের হাটসহ) | " | ২১৩৫১৭ | ১২০০ |
| ৫ | কালাপাগলা বাজার (গরু ছাগলের হাটসহ) | " | ১৪৫২২০ | ১০০০ | ১৮ | সর্চাপুর বাজার | " | ৮৯২৬ | ৫০০ |
| ৬ | খলিশাকুড়ি বাজার | " | ৮১৯৭ | ৫০০ | ১৯ | কোদালীয়া ফেরীঘাট | ধুরাইল ও আমতৈল ইউপি | ৪৫৬৩২ | ৫০০ |
| ৭ | কৈচাপুর বোর্ড বাজার | কৈচাপুর ইউপি | ১২৬৫ | ৫০০ | ২০ | নাগুল্লা বাজার | স্বদেশী ইউপি | ১৪৯৪৫৫ | ১০০০ |
| ৮ | শাপলা বাজার | হালুয়াঘাট ইউপি | ১৯৭২৩১ | ১০০০ | ২১ | বোয়ালজানা বাজার | " | ২২৩০২ | ৫০০ |
| ৯ | কালিয়ানীকান্দা বাজার | " | ১৬৭৪৮ | ৫০০ | ২২ | গাবরাখালী বাজার | গাজিরভিটা ইউপি | ৩৩২১ | ৫০০ |
| ১০ | হালুয়াঘাট বাসটার্মিনাল | " | ১৫৮২৯৩৩ | ৩৮০০ | ২৩ | বাবু বাজার | নড়াইল ইউপি | ১৮১৬ | ৫০০ |
| ১১ | সূর্যপুর বাজার (গরু ছাগলের হাটসহ) | গাজিরভিটা ইউপি | ৬৩৮৫০৯ | ২০০০ | ২৪ | কুমুরিয়া পুরাতন বাজার | " | ৬৩৩৫ | ৫০০ |
| ১২ | বিলডোরা চৌরাস্তা বাজার | বিলডোরা ইউপি | ৭৭৬০৪ | ৫০০ | ২৫ | গোপীনগর মৌলভী বাজার | " | ৭৪৯১ | ৫০০ |
| ১৩ | শাকুয়াই বাজার (গরু ছাগলের হাটসহ) | শাকুয়াই ইউপি | ২৭৩০৪০৩ | ৬২০০ | ২৬ | ডাকিয়াপাড়া বাজার | গাজিরভিটা ইউপি | ২৩১৪৩ | ৫০০ |

### ১৪৩২ বাংলা সনের হাট-বাজার ইজারার শর্তাবলী:

১. বাংলা ১৪৩২ সনের ১লা বৈশাখ হতে ১৪৩২ সনের ৩০শে চৈত্র ০১(এক) বৎসর মেয়াদকালের জন্য হাট-বাজার ইজারা দেওয়া হইবে।

২. দরপত্র দাতাকে প্রতিটি দরপত্রের সাথে দরপত্রে উল্লিখিত মূল্যের ৩০% অর্থ জামানত হিসেবে যেকোন তফশিলি ব্যাংক হতে **"উপজেলা নির্বাহী অফিসার"** হালুয়াঘাট, ময়মনসিংহ এর অনুকূলে ব্যাংক ড্রাফট এর মাধ্যমে জমা দিতে হবে। ইহার অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলিয়া গণ্য হইবে। উক্ত টাকা হইতে ২৫% অর্থ ইজারামূল্যের সাথে সমন্বয় করা হবে এবং ৫% অর্থ জামানত হিসেবে সংরক্ষিত থাকবে। ইজারা গ্রহীতা নিয়মিত হাট-বাজার নিজ খরচে পরিস্কার না করিলে, অন্য কোন ক্ষতি সাধন করিলে উক্ত জামানত হইতে তাহা মিটানো হইবে। বৎসর সমাপনান্তে অব্যবহৃত টাকা জমাকারীর বরাবর প্রত্যার্পণ করা হইবে।

৩. যাহার দরপত্র গৃহীত হইবে, দরপত্র সংবাদ অবহিত হওয়ার ৭ (সাত) কার্যদিবসের মধ্যে দরপত্রে উল্লিখিত দরের অবশিষ্ট ৭৫% অর্থ, মোট দাখিলকৃত দরের অতিরিক্ত ১০% অর্থ আয়কর কোড নং-১-১১৪১-০১২০-০১১১ এবং ১৫% অর্থ মূল্য সংযোজন কর (ভ্যাট) কোড নং-১-১১৩৩-০০১৫-০৩১১ তে ট্রেজারি চালানের মাধ্যমে জমা দিয়ে ২ (দুই) প্রস্থ চালানের কপি ইজারামূল্যের অবশিষ্ট টাকার সঙ্গে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে জমা দিতে হবে। অন্যথায় হাট-বাজার/বাসটার্মিনাল/ফেরিঘাটের জন্য জমাকৃত ৩০% অর্থ বাজেয়াপ্তপূর্বক পুনরায় ইজারা কার্যক্রম গ্রহণ করা হইবে।

৪. প্রাপ্ত দরপত্রের সর্বোচ্চ দর গ্রহন করা হবে এবং উক্ত অংক যদি সংশ্লিষ্ট হাট-বাজারের সরকারি মূল্যের কম হয় তাহা হইলে পুনরায় দরপত্র আহ্বান করা হইবে।

৫. এক হাট-বাজারের জন্য ক্রয়কৃত দরপত্র আরেক হাট-বাজারের জন্য দরপত্র হিসাবে ব্যবহার করা যাইবে না। দরপত্র গ্রহণের দিন কোন দরপত্র সিডিউল বিক্রয় করা হইবে না। এক দফার জন্য বিক্রয়কৃত দরপত্র অন্য দফায় আহ্বানকৃত হাট-বাজারের দরপত্র হিসেবে ব্যবহার করা যাইবে না।

৬. খামের উপর দরপত্র দাতার নাম, ঠিকানা, মোবাইল নাম্বর ও বাজার এর নাম স্পষ্টভাবে উল্লেখ করতে হবে এবং দরপত্রের সাথে দরপত্র দাতার জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি এবং ২(কপি) পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি সংযুক্ত করতে হবে।

৭. সরকার অনুমোদিত টোল আদায়ের হার মোতাবেক টোল আদায় করতে হইবে। বিনা রশিদে টোল আদায় করা যাইবে না। ইজারাদার নিজ খরচে বাজারে দৃশ্যমান একাধিক স্থানে টোল চার্ট প্রদর্শনের ব্যবস্থা করিবেন।

৮. প্রত্যেক বাজারের জন্য পৃথক পৃথক সীলমোহরকৃত খামে দরপত্র দাখিল করিতে হইবে। দরপত্রদাতাকে দরপত্রের প্রতি পৃষ্ঠায় স্বাক্ষর করিতে হইবে।

৯. ইজারাদার কোন ক্রমেই হাট-বাজার অন্যের নিকট সাব-লিজ দিতে পারিবেন না। সাব-লিজ দেয়া হলে অথবা চুক্তিপত্রের শর্ত লংঘন হলে ইজারা বাতিল বলে গণ্য হবে এবং পুনরায় হাট-বাজার এর ইজারা প্রদানের ব্যবস্থা করা হবে।

১০. ইজারার সমস্ত অর্থ (ভ্যাট, আয়করসহ) পরিশোধের ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে ৩০০/- টাকা মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্পে ইজারাদার কর্তৃক ইজারা চুক্তি সম্পাদন করতে হবে।

১১. দুই বা ততোধিক দরপত্র দাতার দর সর্বোচ্চ বা একই হলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।